

ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ পানাহারের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

১৩। খাদ্য ও পানীয়তে ফুঁ দিয়ে খাবেন না

গরম খাবার ঠাণ্ডা করার জন্য অথবা পানীয়তে কোন পোকা বা কুটা দূর করার জন্য ফুঁক দিবেন না। আহায্য বা পানপাত্রে নিঃশ্বাস ছাড়বেন না। যেহেতু তাতে খাদ্য ও পানীয়ের সাথে আপনার ছাড়া কার্বন ডাই-অক্সাইড গ্যাস মিলিত হবে। সে দূষিত গ্যাস আপনার শরীর ও স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর প্রমাণিত হতে পারে। যেহেতু মহানবী (ﷺ) বলেন, “তোমাদের মধ্যে কেউ যখন কিছু পান করবে, তখন সে যেন পানপাত্রে নিঃশ্বাস না ছাড়ে অথবা ফুঁ না দেয়।”[1] তিনি খাদ্য ও পানীয়তে ফুঁ দিতে নিষেধ করেছেন।[2]

ফুটনোট

[1]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ৫৬৩০, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২৬৭, আবু দাউদ হা/৩৭২৮, তিরমিযী হা/১৮৮৮, ইবনে মাজাহ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/৩৪২৯

[2]. আহমাদ, সহীহুল জা'মে হা/৬৯১৩

Source — <https://www.hadithbd.com/books/link/?id=6968>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন